

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শৃঙ্খলা বিষয়ক শাখা

স্মারক নং-৩৭.০০.০০০০.০৯৫.২৭.০০২.২০২২. ৪৫

তারিখ: ০১ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
২৭ নভেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ


অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব এ.আই.এম শরীফ হোসেন (৯২৬৩), সহযোগী অধ্যাপক (অর্থনীতি), সরকারি মাইকেল মধুসূদন কলেজ, যশোর প্রবাসী মা ও বোনের পরিবারের সাথে সাক্ষাতের উদ্দেশ্যে ১১/০১/২০১৯ তারিখ হতে ০৮/০৪/২০১৯ তারিখ পর্যন্ত ৮৮ (আটাশ) দিন অর্ধগড় বেতনে অর্জিত ছুটি নিয়ে মার্কিন যুক্তরাষ্ট্রে গমনের জন্য বহিঃবাংলাদেশের ছুটি প্রাপ্ত হয়ে ১৩/০১/২০১৯ তারিখে মার্কিন যুক্তরাষ্ট্রের উদ্দেশ্যে কর্মস্থল ত্যাগ করেন। উক্ত ছুটির মেয়াদ শেষ হওয়া সত্ত্বেও ৩১/০৮/২০১৯ খ্রিষ্টাব্দ হতে অদ্যাবধি বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, আপনার উক্তরূপ কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২ (চ) “পলায়ন” এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, উপর্যুক্ত অপরাধে আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (গ) বিধি অনুযায়ী “পলায়ন” এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালা ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনার উপর “চাকরি হতে বরখাস্তকরণ” গুরুদণ্ড আরোপ হবে না অথবা অন্য কোন উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না তা উক্ত বিধিমালার ৭(১)(খ) অনুযায়ী এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য বলা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো।

যে অভিযোগ বিবরণীর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা এ সাথে সংযুক্ত করা হলো।


২৭/০৯/২০২২
(মোঃ আবু বকর সিদ্দিক)
সচিব

স্থায়ী ঠিকানা:

জনাব এ.আই.এম শরীফ হোসেন
পিতা: মরহুম রবিউল হোসেন
গ্রাম- ৮১, আবু তালেব সড়ক, পুরাতন কসবা
ডাকঘর: যশোর
থানা: কোতয়ালী
জেলা: যশোর।

বর্তমান ঠিকানা:

জনাব এ.আই.এম শরীফ হোসেন (৯২৬৩)
সহযোগী অধ্যাপক (অর্থনীতি), সরকারি মাইকেল মধুসূদন কলেজ, যশোর।

অনুলিপি:


- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

1914
1915

অভিযোগবিবরণী

জনাব এ.আই.এম শরীফ হোসেন (৯২৬৩), সহযোগী অধ্যাপক (অর্থনীতি), সরকারি মাইকেল মধুসূদন কলেজ, যশোর প্রবাসী মা ও বানের পরিবারের সাথে সাক্ষাতের উদ্দেশ্যে ১১/০১/২০১৯ তারিখ হতে ০৮/০৪/২০১৯ তারিখ পর্যন্ত ৮৮ (আটাতাশি) দিন অর্ধগড় বেতনে অর্জিত ছুটি নিয়ে মার্কিন যুক্তরাষ্ট্রে গমনের জন্য বহিঃবাংলাদেশের ছুটি প্রাপ্ত হয়ে ১৩/০১/২০১৯ তারিখে মার্কিন যুক্তরাষ্ট্রের উদ্দেশ্যে কর্মস্থল ত্যাগ করেন। উক্ত ছুটির মেয়াদ শেষ হওয়া সত্ত্বেও ৩১/০৮/২০১৯ খ্রিস্টাব্দ হতে অদ্যাবধি বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, জনাব এ.আই.এম শরীফ হোসেন (৯২৬৩), সহযোগী অধ্যাপক (অর্থনীতি), সরকারি মাইকেল মধুসূদন কলেজ, যশোর এর উক্তরূপ কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (গ) বিধি অনুযায়ী “পলায়ন” এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।


(মোঃ আবু বকর সিদ্দীক)
সচিব